জয় বাংলা
জয় বঙ্গবন্ধু

Joy Bangla
Joy Bangabandhu



# বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

## Bangladesh Awami League Australia Branch



72 Francis Greenway Drive,Cherrybrook, NSW – 2126 Tel: (61) 0402 855 059; E-mail: shams.rahman@rmit.edu.au

১২ই জুন ২০০৮

### নেত্রীর মুক্তি - জনতার আকাংখার প্রতিফলন ও গণতন্ত্রের বিজয়

বাংলাদেশের কোটি কোটি মানুষের প্রাণের মানুষ শেখ হাসিনা। তিনি আজ মুক্ত। এটা জনতা, গণতন্ত্র এবং সর্বপরি বাংলাদেশের বিজয়।

সভানেত্রী শেখ হাসিনার মুক্তিতে আরেকবার প্রমানিত হলো যে মিথ্যে মামলা অথবা ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশ আওয়ামী লীগকে দাবিয়ে রাখা যাবে না। অতীতেও এ ধরনের চেষ্ট হয়েছে বহুবার। আগরতলা ষড়যন্ত্র মামলায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবকে রাজনৈতিকভাবে ধ্বংস এবং সেই সাথে হত্যা করতে চেয়েছিল তৎকালিন পাকিস্তান সরকার। আজ এটাও প্রমানিত যে ওয়ান-ইলেভেনের পূর্বে চার দলীয় জোট সরকার আওয়ামী লীগকে ধ্বংস করা সহ শেখ হাসিনাকে হত্যা করার চেষ্টা করে।

দেশের বর্তমান জরুরী অবস্থায়, বাংলাদেশের সাধারন জনতার প্রাণের সুপ্ত দাবী এবং অব্যক্ত আন্দোলনই সভানেত্রী শেখ হাসিনাকে মুক্ত করে এনেছে জনতার কাতারে। মুক্ত, কিন্ত তিনি আজ অসুস্থ। আমরা বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার পক্ষ থেকে নেত্রীর আশু আরগ্য কামনা করছি।

আওয়ামী লীগ জনগনের দল, একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠান। সভানেত্রী শেখ হাসিনার নেতৃত্বেই বাংলাদেশে আবার গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে।

(ড. শামস রহমান)
আহ্বায়ক (ফোন:) ০৪০২ ৮৫৫ ০৫৯

(আনিসুর রহমান রিতু)
সদস্য-সচিব (ফোন:)০৪২৩ ৭৪৬ ৪২২